# উপজেলা পরিষদ কার্যালয়
## বালিয়াডাঙ্গী, ঠাকুরগাঁও।

**বালিয়াডাঙ্গী উপজেলা পরিষদের আগস্ট, ২০২২ মাসের ৪২ তম মাসিক সভার কার্য বিবরনী**

সভাপতি : জনাব মো: আলী আসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াডাঙ্গী, ঠাকুরগাও।
স্থান : উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখ : ১৭/০৮/২০২২খ্রি:
সময় : সকাল ১১:৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক'
অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'খ'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপজেলা নির্বাহী অফিসার কে স্বাগত জানিয়ে আলোচ্যসুচী মোতাবেক সভা পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসার কে আহবান জানানো হলে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

**১। পূর্ববর্তী সভার কার্যবিবরনী পঠন ও অনুমোদন**

উপজেলা নির্বাহী অফিসার গত ১৭/০৭/২০২২ খ্রি: তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শুনান। কোন সংশোধনী না থাকায় উক্ত কার্যবিবরনী অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয়।

**২। বিভাগওয়ারী কার্যক্রম পর্যালোচনা:**

| ক্র:নং | ইউনয়ন/দপ্তরের নাম | কার্যপত্র | মাসিক সভার কার্যবিবরণী | স্থায়ী সভার কার্যবিবরণী/মাসিক সমন্বয় সভার কার্য | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|---|
| ১ | সকল ইউনিয়ন | পাওয়া যায়নি | পাওয়া গেছে | পাওয়া গেছে | সকল ইউনিয়ন পরিষদ প্রতি মাসের প্রথম সপ্তাহে মাসিক সভা করে উপজেলা মাসিক সভার পূর্বে কার্যপত্র, মাসিক সভার কার্যবিবরণী ও মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দাখিল করবেন। |
| ২ | মহিলা বিষয়ক, সমাজসেবা, প্রকল্প বাস্তবায়ন,মৎস্য বিভাগ | পাওয়া যায়নী | প্রযোজ্য নহে। | পাওয়া গেছে | ঐ |
| ৩ | কৃষি, মাধ্যমিক শিক্ষা, স্যানেটারী, প্রকৌশল, জনস্বাস্থ্য, স্বাস্থ্য, প্রাণিসম্পদ, যুব উন্নয়ন, পল্লী উন্নয়ন, বন ও পরিবার পরিকল্পনা বিভাগ পাওয়া যায়নী | | প্রযোজ্য নহে। | পাওয়া গেছে | ঐ |

সভাপতি বিভাগীয় কার্যক্রম পর্যালোচনার আহবান জানালে নিম্নরুপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্র: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **ওয়েব পোর্টাল সংক্রান্ত আলোচনা :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, জাতীয় তথ্য বাতায়ন মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে দেশের সকল সরকারি/আধা সরকারি দপ্তরের তথ্য সহযোগে নির্মিত তথ্য বাতায়ন। তিনি ওয়েব পোর্টাল হালনাগাদ রাখার লক্ষে স্ব স্ব দপ্তরের তথ্য বাতায়ন ভিজিট করে হাল-নাগাদ তথ্য আপলোড করার জন্য সকল বিভাগীয় কর্মকর্তাকে অনুরোধ জানান। | সহকারি প্রোগ্রামার কে ওয়েব পোর্টাল হাল নাগাদ করার জন্য বলা হলো। | সংশ্লিষ্ট সকল বিভাগ |
| ০২ | **স্বাস্থ্য ও প: প: বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, তার স্বাস্থ্য বিভাগের কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। | মাস্ক ছাড়া যাতে কেউ বাইরে বের না হয় সে বিষয়ে সকল কে সর্তক থাকার পরামর্শ দেন। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২। উ:স্বা.ও প. অ |
| ০৩ | **উপজেলা কৃষি অফিস :** উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি সভায় উপস্থিত, তিনি জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। বর্তমানে সারের সংকট রয়েছে। এ সংকট মোকাবেলায় সকলের সহযোগিতা কমানা করেন।<br>চেয়ারম্যান, ৫নং দুওসুও সভায় জানান যে, দুওসুও ইউনিয়নে কতগুলো সার ডিলার রয়েছে তার কোন তালিকা আমার জানা নেই। আমার ইউনিয়নে যারা উপ সহকারী কৃষি কর্মকর্তা রয়েছেন তারা কোন দিনও ইউনিয়ন পরিষদে যান না। আমার ইউনিয়ন | ১. উপজেলা কৃষি অফিসার সহ সকল উপ সহকারি কৃষি অফিসারগণ জোর মনিটরিং করবেন।<br>২. সারের যেন কোন ঘাটতি না থাকে সেটা কিভাবে মেটানো সম্ভব এই বিষয়ে কৃষি অফিসার ব্যবস্থা নিবেন। | ১.উপজেলা নির্বাহী অফিসার<br>২.উপজেলা কৃষি অফিসার<br>২. উপ.স.কৃ.অ |

| | | | |
|---|---|---|---|
| | পরিষদে নিযুক্ত ইউডিসি অফিস করেন না। সেই সাথে আমি বর্তমান সারের ঘাটতি কিভাবে মেটানো সম্ভব সে বিষয়ে সু পরামর্শ চান।<br>সভার সভাপতি বলেন যে, বর্তমান সারের যে সংকট দেখা দিয়েছে এটার সমাধান কিভাবে সম্ভব যদি ডিলাররা সার বাইরে বিক্রী না করে তাহলে সারের সংকট থাকবে না। যে সকল ডিলার বাইরে সার বিক্রী করে সে সকল ডিলারের বিরুদ্ধে দ্রুত ব্যবস্থা গ্রহণ করে বা তাদেরকে নিয়ে মিটিং করে জানানো হউক যাতে করে এ উপজেলার কৃষক সার থেকে বঞ্চিত না হয় এবং ফসলের কোন ক্ষতি না হয়। | ৩. সকল ইউনিয়নের দায়িত্বে নিয়োজিত উপ সহকারি কৃষি অফিসারগণ যাতে করে নিয়মিত ইউনিয়ন পরিষদসহ ডিলারদের দোকান পরিদর্শন করেন এই বিষয়ে কৃষি অফিসার ব্যবস্থা নিবেন।<br>৪. সারের সংকট মোকাবেলায় জরুরী ভিত্তিতে উপজেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভা আহবান করার পরামর্শ প্রদান করা হলো। | |
| ০৪ | **উপজেলা প্রকৌশল দপ্তর :** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, তিনি জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। তিনি আরো জানান যে, উপজেলার গ্রামীণ রাস্তাগুলো অতি গুরুত্বপূর্ণ হওয়ায় নিম্নবর্ণিত ৯১টি রাস্তার আইডি রোড ইনভেন্টরীতে অন্তভুর্ক্ত করা প্রয়োজন। উক্ত সড়কগুলোর আইডি ইনভেন্টরীতে অন্তভুক্ত করার লক্ষ্যে উপজেলা পরিষদের মাসিক সভায় অনুমোদন প্রয়োজন। (সংযুক্তি: ৪ পাতা )।<br>সিদ্ধান্ত: সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হলে ৯১টি গ্রামীণ রাস্তাগুলো আইডিতে অন্তভুর্ক্ত করণের লক্ষ্যে নতুন রাস্তাসমূহের তালিকা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) সদর দপ্তর, ঢাকা বরাবরে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হয়। | | ১. উপজেলা প্রকৌশলী |
| ০৫ | **প্রাণিসম্পদ বিভাগ :** উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত আছে বলে জানান। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা | ১.প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৬ | **মৎস্য বিভাগ :** উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা | উপজেলা মৎস্য অফিসার |
| ০৭ | **জনস্বাস্থ্য বিভাগ :** সহকারি প্রকৌশলী জনস্বাস্থ্যর প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য বলা | উপ-সহ:প্র: জনস্বাস্থ্য |
| ০৮ | **দুযোর্গ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। ২০২২-২০২৩ অর্থ বছরের টিআর ও কাবিটা কাবিখা বরাদ্দ পাওয়া গিয়েছে প্রকল্প গ্রহণের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করেন। | টিআর কাবিখা বাস্তবায়ন কমিটির সভা আহবানের জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে বলা হলো। | ১.উ.নির্বাহী অ.<br>২.উ. প্র: বা: ক. |
| ০৯ | **পরিবার পরিকল্পনা বিভাগ :** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১. উপজেলা প:প: অফিসার |
| ১০ | **প্রাথমিক শিক্ষা :** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, উপজেলার সকল প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষা কার্যক্রম চালু রয়েছে। | শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষা কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১. উ. শিক্ষা অ.<br>স. শি. অ. (সকল) |
| ১১ | **মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা দপ্তর :** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রতিনিধি সভায় উপস্থিত । তিনি সভায় জানান যে, উপজেলার সকল মাধ্যমিক ও কলেজ এবং মাদরাসা পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান সরকারের নির্দেশনা মোতাবেক চালু করা হয়েছে। | অনলাইন ভিত্তিক শিক্ষা কার্যক্রম অব্যাহত রয়েছে বলে সকলের দৃষ্টি আকর্ষন করেন। | ১.উপজেলা মাধ্য শিক্ষা অফিসার |
| ১২ | **সমাজসেবা বিভাগ :** উপজেলা সমাজসেবা অফিসার সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা | উ: সমাজসেবা অফিসার |
| ১৩ | **সমবায় বিভাগ :** উপজেলা সমবায় অফিসার সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা | উ: সমবায় অফিসার |
| ১৪ | **যুব উন্নয়ন বিভাগ :** উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা | উ: যুব উন্নয়ন অফিসার |
| ১৫ | **পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | তার বিভাগের কাজ চলমান রাখার জন্য বলা | ১. উ. পল্লী উ. অ |
| ১৬ | **মহিলা বিষয়ক দপ্তর :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত তিনি জানান তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রয়েছে। | ১) উ: মহিলা বি: কর্মকর্তা |
| ১৭ | **খাদ্য বিভাগ :** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। | অব্যাহত রাখার জন্য বলা হলো। | ১.খাদ্য নিয়ন্ত্রক,<br>২. ওসি এলএসডি |
| ১৭ | **বন বিভাগ :** ফরেষ্টার, বন বিভাগ সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় তাকে উপস্থিত থাকার জন্য বলা হলো। | বন বিভাগ বালিয়াডাংগী |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | **নির্বাচন বিভাগ :** উপজেলা নির্বাচন অফিসার সভায় জানান তার বিভাগের সকল কার্যক্রম চলমান রয়েছে। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য বলা হলো। | ১)নির্বাচন অফিসার |
| ১৯ | **পরিসংখ্যান অফিস :** উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় উপস্থিত তিনি জানান বিভাগীয় কাজ স্বাভাবিকভাবে চলছে। | তার বিভাগের সকল কার্যক্রম অব্যাহত রাখার জন্য বলা হলো। | ১.পরিসংখ্যান অফিসার |
| ২০ | **সেটেলমেন্ট অফিস :** সহকারি সেটেলমেন্ট অফিসার সভায় অনুপস্থিত থাকায় তার বিভাগীয় বিষয়ে আলোচনা করা গেলনা। | পরবর্তী সভায় তাকে উপস্থিত থাকার জন্য বলা হলো। | সে:অফিসার বালিয়াডাংগী |
| ২১ | **আনসার ভিডিপি অফিস :** উপজেলা আনসার ভিডিপি অফিসার সভায় জানান যে, তার বিভাগের কার্যক্রম চলমান রয়েছে। | দাপ্তরিক কাজ স্বাভাবিক ভাবে পরিচালনার জন্য বলা হলো। | উ: আনসার ভিডিপি |
| ২২ | **স্যানেটারী ইন্সপেক্টর :** স্যানেটারী ইন্সপেক্টর সভায় উপস্থিত । তিনি জানান যে, তার দপ্তরের কাজ চলমান আছে । | হাট বাজার গুলোতে নিয়মিত অভিযান পরিচালানর জন্য বলা হলো। | ১)স্যানেটারী ইন্সপেক্টর, বালিয়াডাঙ্গী |
| ২৩ | **পল্লী বিদ্যুৎ :** এজিএম পল্লী বিদ্যুৎ সভায় উপস্থিত তিনি জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।<br>সভাপতি উপজেলা আওয়ামীলীগ সভায় বলেন যে, শহরে যে পরিমাণ বিদ্যুৎ থাকে গ্রামে সেভাবে বিদ্যুৎ থাকে না । তাই নিরবছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার জন্য বলেন।<br>এ বিষয়ে ডিজিএম পল্লীবিদ্যুৎ বলেন যে, আমাদের উৎপাদন কমে যাওয়ায় সারা দেশে লোডসেডিং চলছে এবং এর একটা সিডিউল তৈরী করা হয়েছিল কিন্তু সে মোতাবেক বিদ্যুৎ সরবরাহ না থাকায় সিডিউলটি আর ব্যবহার করা হচ্ছে না। আমরা আশা করছি অদি দ্রুত এটা সমাধান করা সম্ভব হবে। | শহরের তুলনায় গ্রামে বিদ্যুৎ কম থাকায় মানুষের চাহিদা পুরণ হচ্ছে না এবং বর্তমান অনাবৃষ্টি হওয়ার কারণে আমন মৌসুমে ক্ষতি হচ্ছে তাই লোডসেডিং কমিয়ে চাহিদা অনুযায়ী নিরবছিন্ন বিদ্যুৎ সরবরাহ করার জন্য পরামর্শ প্রদান করা হলো। | ডিজিএম,পল্লীবিদ্যুৎ |
| ২৪ | **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প :** উপজেলা ভাইস চেয়ারম্যান সভায় জানান যে, সকল স্থায়ী কমিটি কমিটির সভা নিয়মিত করা প্রয়োজন। | সকল দপ্তর প্রধানগণকে স্থায়ী কমিটির সভা নিয়মিত করার জন্য বলা হলো। | ১. উপজেলা নির্বাহী অফিসার<br>২. ইউডিএফ |
| ২৫ | **উপজেলা ১৭ কমিটির সভা সংক্রান্ত :** ইউডিএফ সভায় জানান যে, সকল স্থায়ী কমিটির সভা নিয়মিত করার জন্য ভাইস চেয়ারম্যানদ্বয় ও সদস্য সচিবগণের দৃষ্টি আর্কষন করেন। | সকল স্বাস্থ্য বিধি মেনে স্থায় কমিটির সভা নিয়মিত করার জন্য বলা হলো। | ১.ইউডিএফ<br>২. ভাইস চেয়ারম্যান<br>৩. সদস্য সচিব (সকল) |
| ২৬ | **উপজেলা পরিষদ রাজস্ব তহবিল :** উপজেলা চেয়ারম্যান সভায় জানান যে, উপজেলার আমজানখোর ইউনিয়নে অবস্থিত ঐতিহ্যবাহী সূর্য্যপুরী আমগাছ দেখার জন্য প্রায় প্রতিমাসেই বিভিন্ন সরকারি, বে-সরকারি গুরুত্বপূর্ণ ব্যক্তিগণ গাছের পাশে অবস্থিত সূর্যপুরী রেস্টহাউসে আগমন করেন। এ ক্ষেত্রে প্রতিমাসে আপ্যায়ন ব্যয় বাবদ সেখানে ৩/৪ হাজার টাকা ব্যয় হয়। এ ব্যয় উপজেলা পরিষদের রাজস্ব তহবিল (অপ্রত্যাশিত খাত) থেকে পরিশোধ করা যেতে পারে।<br>সিদ্ধান্ত: এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হলে আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল (অপ্রত্যাশিত খাত) থেকে সূর্য্যপুরী রেস্টহাউজের কেয়ারটেকার জনাব মানিক রবিদাস, পিতা: রুপলাল দাস, গ্রাম: হরিণমারী (নয়াপাড়া), ডাকঘর: হরিণমারী, উপজেলা: বালিয়াডাঙ্গী, জেলা: ঠাকুরগাঁওকে আমগাছ পরিদর্শন সংক্রান্ত আপ্যায়ণ ব্যয় নির্বাহের জন্য মাসিক ৩০০০/-(তিন হাজার) টাকা করে পরিশোধের সিদ্ধান্ত গৃহীত ও অনুমোদিত হলো। | | ১.উপজেলা নির্বাহী অফিসার |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

তারিখ: ১৭/০৮/২০২২খ্রি:।

(মো: আলী আসলাম )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বালিয়াডাংগী, ঠাকুরগাও।
ফোন:০৫৬২২-৫৬১৮৪।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বালিয়াডাংগী, ঠাকুরগাও।
www.baliadangi.thakurgaon.gov.bd

স্মারক নং-০৫.৫৫.৯৪০৮.০০০.০০.০১.২০২২- ৭২৭ তারিখ: ৩১/০৮/২০২২খ্রি:

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজণীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য,৪ ঠাকুরগাও-২,সভাপতি, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় সর্ম্পকিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ,রংপুর।
৪। জেলা প্রশাসক, ঠাকুরগাও।
৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বালিয়াডাংগী, ঠাকুরগাও।
৬-৭। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,বালিয়াডাংগী, ঠাকুরগাও।
৮-১৭। উপজেলা...................................................................................কর্মকর্তা,বালিয়াডাংগী, ঠাকুরগাও।
১৮-২৫। চেয়ারম্যান........................................................................ ইউপি (সকল),বালিয়াডাংগী, ঠাকুরগাও।
২৬। অফিস নথি।

৩১/০৮/২২

মোহা: যোবায়ের হোসেন
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াডাংগী, ঠাকুরগাও।
ফোন:০৫৬২২-৫৬০০১
email.unobaliadangi@mopa.gov.bd

CamScanner